

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১৬(১)/লোকসানী শাখা/২০১৫-২০১৬/৭৪৯(১২৫০)

তারিখঃ ১৩-০১-২০১৬

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : লোকসান বহনকারী শাখা লাভজনক শাখায় উন্নীতকরণ এবং লাভজনক শাখাকে আরো অধিক পরিমাণ মুনাফা অর্জনের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের গত ২০-০৪-২০১৫ ও ১৪-০৬-২০১৫ তারিখের অভিন্ন নথির পত্র নম্বর যথাক্রমে ১৮৮২ (১২৫০) ও ২১২৬(১২৫০) এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত ২টি পত্রের মাধ্যমে শাখা/কার্যালয়ের বিদ্যমান জনবল সর্বোচ্চ কাজে লাগিয়ে মুনাফা অর্জনের সকল প্রকার কলাকৌশল যথাযথভাবে অনুসরণ, প্রয়োগ ও বাস্তবায়নের মাধ্যমে জুন/২০১৫ এর মধ্যে প্রদত্ত মুনাফার লক্ষ্যমাত্রা আবশ্যিকভাবে অর্জনপূর্বক বিভাগ/অঞ্চলের কোন শাখা যাতে লোকসানী শাখায় পরিণত না হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। এতদসঙ্গে অধিকাংশ অঞ্চলের জুন/২০১৫ ভিত্তিক ১৬০টি শাখা এবং ডিসেম্বর/২০১৫ ভিত্তিক অনুরূপ সংখ্যক শাখা লোকসানী শাখা হিসাবে পরিণত হয়েছে-যা অপ্রত্যাশিত। এ বিষয়ে ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ গভীরভাবে উদ্বেগ এবং আগামী জুন/২০১৬ এর মধ্যে একটি শাখাও যাতে লোকসানী শাখায় পরিণত না হয় সে ব্যাপারে কঠোর নির্দেশ প্রদান করছেন।

০৪। এমতাবস্থায়, বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকদেরকে তাঁদের আওতাধীন শাখা/কার্যালয়ের সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনসহ মুনাফার নির্ধারিত লক্ষ্যমাত্রা জুন/২০১৬ এর মধ্যে অর্জনপূর্বক বিভাগ/অঞ্চলের কোন শাখা যাতে লোকসানী শাখায় পরিণত না হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। বিভাগ/অঞ্চলাধীন শাখা/কার্যালয়ের লোসানের অবস্থা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন এবং বিষয়টি প্রধান কার্যালয় হতে নিয়মিতভাবে পরিধারণ করার লক্ষ্যে ৩১-১২-২০১৫ ভিত্তিক বিভাগ/অঞ্চলের লোকসানী শাখার তালিকা এবং পর পর তিন বছর যাবত লোকসান বহনকারী শাখার তালিকা যথাক্রমে নিম্নোক্ত ছক-ক ও ছক-খ মোতাবেক আগামী ২১-০১-২০১৬ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। যে সকল শাখা পর পর ৩ বছর লোকসানী শাখা হিসেবে পরিণত হয়েছে সে সকল শাখা বন্ধ করে নিকটবর্তী শাখার সাথে একীভূত(merger) করার জন্য মন্ত্রণালয়/বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা রয়েছে। বিষয়টি স্থানীয় গণ্যমান্য/প্রভাবশালী ব্যক্তিবর্গকে অবহিত করতে হবে-যাতে করে তাঁরা শাখার যাবতীয় কাজে সার্বিক সহযোগিতার হাত সম্প্রসারণ করেন এবং লোকসানী শাখাসমূহকে লাভজনক শাখায় উন্নীত করা সম্ভব হয়। এ ভাবে শাখার সকল লোকবল এবং স্থানীয় গণ্যমান্য/প্রভাবশালী ব্যক্তিবর্গকে যথাযথভাবে কাজে লাগিয়ে লোকসানী শাখাকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণ ও লাভজনক শাখাকে আরো অধিক পরিমাণ মুনাফা অর্জনের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

ছক-ক

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিভাগ/অঞ্চলের নাম	লোকসানী শাখার নাম	২০১৫-২০১৬ অর্থ বছরে ৩১-১২-২০১৫ ভিত্তিক			লোকসানের কারণ
			মোট আয়	মোট ব্যয়	লোকসানের পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭

ছক-খ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিভাগ/অঞ্চলের নাম	লোকসানী শাখার নাম	পর পর ৩ বছর লোকসানী শাখার বিবরণ									লোকসানের কারণ
			২০১২-১৩			২০১৩-১৪			২০১৪-১৫			
			মোট আয়	মোট ব্যয়	লোকসানের পরিমাণ	মোট আয়	মোট ব্যয়	লোকসানের পরিমাণ	মোট আয়	মোট ব্যয়	লোকসানের পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

আপনার বিশ্বস্ত,

(এ, আর, এম আনিস উজ্জমান)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৭৪০২৫

তারিখঃ ১৩-০১-২০১৬

নং-প্রকা/শানিব্যউবি-১৬(১)/লোকসানী শাখা/২০১৫-২০১৬/৭৪৯(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
- ৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান)

সহকারী-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৮৭২৩৬